খৃ ২০১৪ - হি ১৪৩৫

খিলাফতের অন্তরালে

শাইখ উমর বিন মাহমুদ আবু উমর

- আবু কাতাদাহ (হাফিযাহুল্লাহ) -

আল-ফজর প্রকাশনা

بسم الله الرحمن الرحيم

খিলাফতের অন্তরালে

শাইখুল মুজাহিদ ওমর বিন মাহমুদ আবু ওমর
আবু কাতাদাহ ফিলিস্তিনী
(আল্লাহ তায়ালা শাইখের মুক্তিকে তরান্বিত করুন)

রমাযান ১৪৩৫ হিজরী – জুলাই ২০১৪ খৃষ্টাব্দ

আল-ফজর প্রকাশনা

الحمدُ لله ربِّ العالمين، والصلاةُ والسلامُ على محمدٍ الأمين وعلى آله وصحبه أجمعين. أما بعدُ:

সকল প্রশংসা মহান আল্লাহ তা'আলার যিনি গোটা বিশ্বজগতের প্রতিপালক। দুরুদ ও সালাম বর্ষিত হোক মুহাম্মদ (সাঃ), তাঁর পরিবার ও সাহাবিগণের (রাঃ) উপর। অতঃপরঃ

"ইসলামিক স্টেট ইন ইরাক এন্ড শাম" নামের দলটির দাবি এখন সবার নিকট প্রকাশ হয়ে গেছে এবং সবখানেই তাদের ঘোষণা ছড়িয়ে পড়েছে। তাদের দাবি, তারাই হচ্ছে জামাআতুল মুসলিমীন (মুসলিমদের জামা'আ), অর্থাৎ তারা দাবি করছে তাঁদের দলই হচ্ছে মুসলিম উম্মাহর একমাত্র বৈধ জামা'আ; তারা হচ্ছে বৃহত্তর ইসলামি খিলাফাহ, আর এবং তাদের আমীর হচ্ছে সমগ্র মুসলিম উম্মাহর নেতা (খালিফাহ)। এই বিশ্বাস ও ব্যাখ্যার উপর ভিত্তি করেই তারা সমগ্র মুসলিম উম্মাহকে আহবান জানিয়েছে তাদের আমীরকে বাই'য়াহ (আনুগত্যের শপথ) দেয়ার জন্য। এধরণের একটি পদক্ষেপ তারা নিতে যাচ্ছে এটা শামের ভাইদের মাধ্যমে আমি আগেই আনতে পেরেছিলাম। এ ভাইরা আমাকে বেশ কয়েকবার অনুরোধ করেছিলেন[১] এ পদক্ষেপের ব্যাপারে ইসলামী শরিয়তের অবস্থান কি তা ব্যাখ্যা করার জন্য। ইতিপূর্বে, ধৈর্যের অনন্য দৃষ্টান্ত স্থাপনকারী আমাদের সম্মানিত শায়খ আবু মুহাম্মদ আল মাকদিসিও আমাকে এই বিষয়ে কিছু লিখার জন্য অনুরোধ করেছিলেন। শাইখ আল-মাকদিসি এই অনুরোধ জানিয়েছিলেন যখন তার কাছে নিশ্চিত খবর পৌঁছল যে, এই দলটি তাদের এবং জাবহাত-আন-নুসরাহ[২] এর মাঝে চলমান দ্বন্দ্ব মিটিয়ে

ফেলার আহবান প্রত্যাখ্যান করেছে এই বলে যে, "তারা হচ্ছে স্টেট বা রাষ্ট্র। শরিয়তে কিংবা ইতিহাস থেকে একথা কখনও প্রমানিত নয় যে, কোন 'রাষ্ট্র' মীমাংসার জন্য রাষ্ট্র ব্যতীত অন্য কারও সাথে (অর্থাৎ কোন দলের সাথে) আলোচনায় বসে (মুলত এটা তাদের মিথ্যা দাবি এবং স্পষ্ট গোমরাহী)। তাই যে সকল ভাইয়েরা আমার কাছে এসেছে আমি তাদের বলেছি, এই তথাকথিত রাষ্ট্রের (দাউলাহ) মাঝে মূলত ২টি দিক দিয়ে গোমরাহি প্রবেশ করেছেঃ-

এই দলের (জামাআতুল বাগদাদি) মধ্যে গোমরাহ প্রবেশ করেছে, প্রথমতঃ "জামাআতুল খিলাফাহ/জামাআতুল মুসলিমিন"[৩] নামক দলের মুরগিদের মাধ্যমে। এটা ("জামাআতুল মুসলিমীন") এমন এক জামাত যাদের মাঝে শুরু থেকেই অজ্ঞতা স্পষ্ট। তারাই ("জামাআতুল মুসলিমীন") প্রথম এই ভ্রান্ত দাবি করেছিল যে, খালিফাহ তখনই বাস্তবতায় পরিণত হবে যখন মুসলিমরা আহলে বাইতের কোন একজন ব্যক্তিকে (অর্থাৎ নবীজি সাঃ এর কোন বংশধরকে) বাই'য়াহ দেবে। তখনই নাকি এই মহান ঘোষণার শার'ই ভিত্তি তৈরি হয়ে যাবে। নিঃসন্দেহে তাদের ছড়ানো এই ভ্রান্ত ধারণা এবং ঘোষণা অত্যন্ত অনিষ্টকর। এবং তাদের (জামাআতুল মুসলিমীন) সাথে আমার লম্বা আলোচনা হয়েছে, যেখানে তারা এমন সব কথা বলেছে ও যুক্তি এনেছে যা থেকে, তাদের অজ্ঞতা যেকোন শিক্ষানবিশের নিকট স্পষ্ট হয়ে যাওয়ার কথা। আর যেকোন অভিজ্ঞ তলিবুল 'ইলমের কাছেএধরনের ভ্রান্ত ধারণা দাবির মূর্খতা স্পষ্ট হবার কথা।

এই তথাকথিত খালিফার (অর্থাৎ "জামাআতুল মুসলিমীন" নামক দলের আমীরকে) যখন আমার সর্বশেষ কথা হয়, তখন আমি বলেছিলাম। আপনাদের কর্মপদ্ধতি ও পথ হল রাফেজি[৪] ও খারেজিদের পথভ্রষ্টতার সমন্বয়। রাফেজিদের সাথে তাদের মিল হল তারা একটি পদবি এমন একজনকে দিচ্ছে যার কোন অস্তিত্বই নেই। যেমন, রাফেজিরা তাদের ১২তম ইমাম মুহাম্মাদ ইবনুল হাসান আল আসকারির ব্যাপারে বিশ্বাস পোষণ করে থাকে। আর আহলুল ইলমরা রাফেজিদের এই আকিদা ও "ইমামতের" ব্যাপারে তাদের ব্যাখ্যা তথা সংজ্ঞার অসাড়তা ও অসম্পূর্ণতা প্রমাণ করে গেছেন। শায়খুল ইসলাম ইবন তাইমিয়া "মিনহাজ সুন্নাহ আল নববিয়াহ" তে "ইমামত" সম্পর্কে আহলে সুন্নাহর মত ও বিবেক-বুদ্ধির আলোকে যে আলোচনা করেছেন, তার শুরুর দিকের বক্তব্য নিয়ে যদি কোন ব্যক্তি একটু চিন্তা-গবেষণা করে, তাহলেই তার নিকট এই জামাত (জামাআতুল মুসলিমিন) তাদের দাবির ব্যাপারে যে প্রতারণার আশ্রয় নিয়েছে তা স্পষ্ট হয়ে যাবে। আমি তাদেরকে বলতাম, সার্বজনীন বাস্তবতা শব্দগুলোকে তাদের অর্থ দান করে। কোন দাবি বৈধ হবার জন্য তার বাস্তবতা থাকতে হবে। একারণে "খিলাফাহ" শব্দটি, বা "খিলাফাহ" উপাধিটি হল একটি বাস্তব বিষয়, একটি বাস্তবতার জন্য নির্ধারিত নাম। এটা এমন কোন পরিভাষা না যার অর্থ অবাস্তব, কিংবা অসঙ্গত। তোমরা যা করছো তা হল, "খিলাফাহ" শব্দটি ব্যবহার করছো এমন একটি বিষয়ের জন্য যার এখনো কোন বাস্তব অস্তিত্ব নেই, আর তোমরা চাচ্ছো এই শব্দের প্রয়োগের মাধ্যমে যার বাস্তব অস্তিত্ব এখনো নেই তাকে বাস্তবতায় পরিণত করা। একবার বাস্তবতায় পরিণত হবার পরই তার শার'ই ভিত্তি থাকবে তার আগে নয়। [**অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়।

শাইখের কথার অর্থ হল- জামাআতুল মুসলিমীনের ধারণা ছিল, যদি একজন ক্বুরাইশী খালিফাহ ঘোষণা করা হয়, এবং তারপর যদি দুনিয়ার মুসলিম তাকে বাই'য়াহ দেয়, তাহলে খিলাফাহা প্রতিষ্ঠা হয়ে যাবে। শাইখ আবু ক্বাতাদা বলছেন আহলুস সুন্নাহ ওয়াল জামা'আর অবস্থান, যা হল সঠিক অবস্থান, তা হল "খিলাফাহ" একটি বাস্তব অবস্থার নাম। বাস্তবত একটি অবস্থাকে বোঝাতে "খিলাফাহ" নামটি উৎসারিত। উল্টোটা না। জামাআতুল মুসলিমীনের লোকেরা নিজেরাও স্বীকার করে খিলাফাহ নেই। কিন্তু তারা খিলাফাহ প্রতিষ্ঠার পন্থা হিসেবে কি সমাধান বের করলো? একজনকে খালিফাহ ঘোষণা দাও, তাঁকে সবাই বাই'য়াহ দেয়ার মাধ্যমে খিলাফাহ প্রতিষ্ঠা করো। অর্থাৎ তারা শব্দটিকে তার বাস্তবতা থেকে বিচ্যুত করলো। ধরুন আপনি মরুভূমিতে একটি জায়গার সামনে সাইনবোর্ড লাগিয়ে দিলেন যে "এটি একটি প্রাসাদ"। তার পর বললেন, আসো আমরা প্রাসাদ বানানোর কাজ করি। আপনার সাইনবোর্ডের কারণে তো বিরান ভূমি প্রাসাদ হয়ে যাচ্ছে না।] তাদের জবাব ছিল ইমামতের এই শর্তগুলো (আহলুস সুন্নাহ ওয়াল জামা'র উলেমা ও ফুক্বাহাগণ যে শর্তগুলো নির্ধারিত করেছেন) শারিয়াহর আলোকে প্রমাণিত নয়। এ ব্যাপারে তারা তাৎক্ষনিকভাবে রাসুলুল্লাহ (সাঃ) এই হাদিসটি দলিল হিসেবে পেশ করেঃ

(كلُّ شرطٍ ليس في كتاب الله فهو باطل)

যেকোন শর্ত যা আল্লাহর কিতাবে নেই তা বাতিল"[৫] (সহিহ বুখারি)

"খলিফা", "ইমামত", "ইমারত"[৬] এই শব্দগুলোর সঠিক অর্থ ও বাস্তবতা তাদেরকে বুঝানোর জন্য আমি চেষ্টা চালিয়ে যেতে লাগলাম। আমি তাদের বোঝানোর চেষ্টা করলাম বাস্তব অবস্থার মাধ্যমে, এই পদগুলোর,

এই শব্দগুলোর উদ্দেশ্য অর্জিত হয়, ঘোষণার মাধ্যমে না। একারণে কোন ঘোষণার যদি বাস্তব সত্যতা না থাকে, যদি বাস্তব অস্তিত্ব না থাকে তাহলে সে ঘোসণায় যে শব্দই ব্যবহার করা হোক না কেন [খিলাফাহ, খালিফাহ, ইমামাহ, ইমারাহ] তার কোন শার'ই ভিত্তি থাকে না। তখন সেটা নিছক একটি শব্দ হয় এবং একটি শার'ই বাস্তবতার নাম হয় না। এটা এমন এক বিষয়, যা ছোট বাচ্চারাও বুঝবে। কিন্তু তারা সবসময় একই উত্তর দিতঃ "এই সব তত্ত্ব কথা আমাদের বুঝে আসে না"।

বেশ অনেকবারই আমার তাদের সাথে বসা হয়েছে, অধিকাংশ সময় তাদের উদ্দেশ্য ছিল তাদের এই ভ্রান্ত বিশ্বাস ও দাবির ন্যায্যতা আমাকে দিয়ে স্বীকার করানো। আর আমি তাদের জোর দিয়ে বোঝাতাম, যদি আমরা তোমাদের ব্যাপারে ভালো ধারণা করি, তাহলে তোমদেরকে সর্বোচ্চ মুসলিম উম্মাহর একটি অংশ বলে গণ্য করা যাবে। কিন্তু তোমরাই সমগ্র মুসলিম উম্মাহ এটা কখনো গ্রহণ করা যাবে না। আর নিজেদের কল্পিত এক দাবির জন্য এই মহান শার'ই পরিভাষার (খিলাফাহ) প্রয়োগের দিক দিয়ে, আপনাদের মতাদর্শ ও মানহাজ রাফেজিদের সাথে মিলে যায়। আর তারাই হচ্ছে এব্যাপারে (ইমামত) লোকেদের মধ্যে সর্বাপেক্ষা মোহগ্রস্থ। কেননা তারা এমন একজনকে ইমাম মনে করে, এবং তার উপর ও তাকে কেন্দ্র করে ইমামতের শার'ঈ হুকুম ও নিয়মাবলী প্রয়োগ করে - বরং তার চেয়েও বেশি কিছু মনে করে - যে কিনা অনুপস্থিত, এবং বস্তুত তার কোন অস্তিত্বই নেই।

আর খারেজিদের সাথে মিলের কথা বলতে গেলে, তাদের সবচেয়ে খারাপ

দিকটিই আপনারা গ্রহণ করেছেন। আর তা হল, যারাই এ ভ্রান্ত ব্যাখ্যার ব্যাপারে আপনাদের সাথে একমত পোষণ করেনি, আপনারা তাদের তাকফির করেছেন (কাফির সাব্যস্ত করেছেন)। এবং তাদের কথিত 'খলিফা' এবং 'প্রধান কাযী' নিজেরাই আমাকে জানিয়েছে যে, তারা এই আকিদা পোষণ করতো যে- "কোন ব্যক্তি যদি তাদের খলিফাকে বায়াত না দেয় তাহলে সে কাফির"। কিন্তু তাদের কথিত খালিফাহ এবং "প্রধান কাযীর" ভাষায়ঃ "আমাদের এই আক্বিদার এখন পরিবর্তন হয়েছে। যদিও আমাদের কেউ কেউ এখনো এই আকিদা পোষণ করে কিন্তু আমরা (সকলে) এখন আর এটা মেনে চলি না"। তাই তাদের জন্য "বাই'য়াহ না দিলে তাকফির করা" এমন একটি বিষয় যাতে ইখতিলাফ জায়েজ! আর এ ক্ষেত্রে মতভেদ তাদের নিজেদের মধ্যে ঐক্যের জন্য কোন সমস্যা নয়। আর শুরুর দিকে এই ধরণের বিশ্বাসের জন্যই শুরুর দিকে তারা মুসলিমদের জান-মাল হালাল করার মাধ্যমে তাদের এই অজ্ঞতার পরিচয় দিয়েছে।

অবশ্য এখানে আমি তাদের ইতিহাস নিয়ে লিখতে বসিনি, এ ব্যাপারে অন্য অনেকের বক্তব্যের পাশপাশি তাদের নিজেদেরও অনেক স্বীকারোক্তি আছে। তাদের "খলিফাহ" এবং প্রধান কাযী সাথে আমার আলোচনা ভালোভাবেই, বলা যায় সৌজন্যতাপূর্ণ ভাবেই শেষ হয়েছিল, কিন্তু তাদের ব্যাপারে আমার অবস্থান অপরিবর্তিত ছিল তারা জানতো। যদিও আমি জানতাম তাদের কিছু অনুসারী আমার উপর কুফরের ফতোয়া দিয়ে দিয়েছে (অর্থাৎ শাইখকে তাকফির করেছে)। এবং এই লোকদের একজন এই ফতোয়া প্রকাশ্যে প্রচার করতো। সে মাসজিদে

এবং মাজলিসে এই ফতোয়া প্রচার করতো। আমাদের একজন শাইখ যার নাম আবু ইয়াদ, আমাকে না জানিয়ে আমার এবং এই ব্যক্তিরে মাঝে একটি মিটিং এর ব্যবস্থা করলেন। এ ব্যক্তিটি ছিল তাদের (জামাআতুল মুসলিমীন) মধ্যে বয়োঃজ্যেষ্ঠ, এবং তাকে তারা উঁচু 'ইলমসম্পন্ন মনে করতো। এ ব্যক্তি সবসময় আমার সাথে সাক্ষাৎ, আলোচনা এমনকি দেখা করাও এড়িয়ে যাবার চেষ্টা করতো। তাই যখন শায়েখ আবু ইয়াদের বাসায় তার সাথে আমার দেখা হয়ে গেল, আমি তাকে নিজের পরিচয় দেয়ার আগে সে আমাকে চিনতে পারে নি।

আমার পরিচয় জানতে পেরে সে চলে যেতে উদ্যত হল। কিন্তু আমাদের সজ্জন ও অমায়িক নিমন্ত্রনকর্তা (শাইখ আবু ইয়াদ) একরকম জোর করেই বলতে গেলে, তাকে থাকতে বাধ্য করলেন। আলোচনা শুরু হবার পর, "জামাআতুল খলিফা"-র (জামাআতুল মুসলিমীন) এই শীর্ষ পর্যায়ের ব্যক্তি ঘুরে ফিরে শুধু একথাই বলতে লাগল যে, আমি (আবু ক্বাতাদা) কাফির, এবং শাইখ আবু ইয়াদ তা প্রত্যক্ষ করেছেন। আমি তাকে তাকফির সম্পর্কিত বিভিন্ন বিষয় (মূলনীতি, প্রতিবন্ধকতা ইত্যাদি) নিয়ে জিজ্ঞাসা করলাম, কারণ তাকফির ছিল তা সব যুক্তির মূল ভিত্তির একটি। কিন্তু তার মধ্যে অজ্ঞতা ছাড়া অন্য কিছু খুঁজে পেলাম না। এক পর্যায়ে সে ঘামতে শুরু করল, তখন তার জন্য আমার মায়াই হল। তাই আমি ঘরের মালিকের কাছে অনুমতি চাইলাম যাতে তাকে চলে যেতে দেয়া হয় আর শেষ পর্যন্ত তাই হল।

আমাকে তাকফির করার যে কারণ হিসেবে সে উল্লেখ করেছিল, আমি নাকি শারিয়াহর বাইরে গিয়ে বিচার চাওয়ার (কোন কাফির ভুমিতে থাকা অবস্থায় কাফির আদালতের কাছে বাধ্য হয়ে কোন কারণে বিচার চাওয়া – যেমন বিবাহ বিচ্ছেদের ফলে ছেলেমেয়েকে পিতামাতার কাছ থেকে আলাদা করে দেয়ার বিরুদ্ধে আপিল করা) অনুমতি দিয়েছি (নাউজুবিল্লাহ)। একদিন এক প্রশ্নের উত্তরে আমি এই বিষয়ে বলেছিলাম যে, এটা হচ্ছে 'ইস্তিনসার' (জুলুম প্রতিরোধ করা), এবং এটা 'তাহাকুম' (বিচার-ফয়সালা চাওয়া), মত-বিরোধ, দ্বন্দ্বের ক্ষেত্রে তাগুতের কাছে মীমাংসা চাওয়ার অন্তর্ভুক্ত বলে গণ্য হবেনা। আমার কথার কিছুই সে বুঝতে সক্ষম হয় নি। শাইখ আবু মুহাম্মদ আল মাকদিসি থেকে আমি সম্প্রতি জানতে পারলাম, এই ব্যক্তি এখন কথিত "ইসলামিক স্টেট" এর সাথে আছে, এবং বর্তমানে সে তাদের ("ইসলামিক ষ্টেট) কারাগারে আছে, কোন মুসলিমের সাথে তার মতের অমিল হলেই তাকে তাকফির করার ধৃষ্টতা প্রদর্শনের অপরাধে।

পূর্বের "জামাআতুল খিলাফাহ" (জামাআতুল মুসলিমীন) এর সদস্যরা যে বর্তমান "ইসলামিক স্টেট ইন ইরাক এন্ড শাম" এ অনুপ্রবেশ করেছে আর পূর্বের এই দলের অনেক মতাদর্শ নতুন এই দল গ্রহণ করেছে-এই ঘটনাটি ছিল আমার জন্য তার একটি প্রমাণপস্বরূপ। আমি জানি এ "জামাআতুল খিলাফাহ" (জামাআতুল মুসলিমীন) দলটি, "যে সর্বপ্রথম খিলাফাহ ঘোষণা করেছে সে খালিফাহ" এই নীতির উপর ভিত্তিত করে, মানুষকে আহবান করতো তাদের নেতাকে বাই'য়াহ দেয়ার জন্য। তাদের এই বিদআতি আহবান বাতিল মতবাদের উপর প্রতিষ্ঠিত, যে মতবাদ

“দাওলার” (“ইসলামিক স্টেট ইন ইরাক এন্ড শাম”) এর মাঝেও প্রবেশ করেছে। কিন্তু দাওলাহ “জামাআতুল মুসলিমীন” এর খলিফাকে গ্রহণ করে নি, বরং তারা “জামাআতুল মুসলিমীনের” এই মতবাদ ও নীতি গ্রহণ করে তার দ্বারা নিজেদের নেতা আবু বকর আল বাগদাদিকে খালিফাহর পোষাকে সজ্জিত করেছে।

এটা হচ্ছে “ইসলামিক স্টেট ইন ইরাক এন্ড শাম” এর পথভ্রষ্টতা আর গোমরাহির প্রথম উৎস। কিছু লোক যারা এই সংগঠনের সদস্য না এবং “দাউলার” দখলকৃত এলাকার বাইরে অবস্থান করছিল, তারা মানুষকে আহবান করছিল বাগদাদি সাহেবের হাতে খিলাফতের বাইয়াত দেয়ার জন্য (বাগদাদির খিলাফহ ঘোষণার আগেই)। যারা এ বিষয়ে বিচার বিশ্লেষণ করেছেন তাদের কাছে এই ধরণের কর্মকাণ্ড অজ্ঞতা, অদূরদর্শীতা এবং অরাজকতা সৃষ্টির প্রয়াস বলেই গণ্য হচ্ছিল। কিন্তু এই ধ্যানধারণা এবং মতাদর্শ যে “দাউলা” নামক দলের ভেতরেও ঢুকে পড়েছে এটা সকলের নিকট স্পষ্ট ছিল না। এটা শুধু তাদের নিকটই স্পষ্ট ছিল যারা সেসময় অন্যান্য দল ও “দাউলা” নামক দলটির মধ্যে বিরোধ নিরসনের জন্য নিরপেক্ষ শারীয়াহ আদালত প্রত্যাখ্যান করে “দাউলা” যেসব বক্তব্য দিচ্ছিলো সেগুলো বিশদভাবে বিশ্লেষণ করছিলেন। আমাদের শাইখ আবু মুহাম্মদ আল-মাকদিসি, এমন একজন যিনি তাদের এই রোগ ধরতে পেরেছিলেন। এবং যেহেতু শাইখের সাথে তাদের চিঠির আদান-প্রদান হয়েছে এবং কথোপকথনও হয়েছে, তাই শাইখ তাদের অবহিত করেছিলেন যে তাদের মধ্যে এই ব্যাধি দেখা দিয়েছে। এমনকি তাদের একজন শার’ঈ (অফিসিয়াল বিচারক) তাঁর নিকট নিজের মূর্খতার

বহিঃপ্রকাশ ঘটায় এভাবেঃ “ইমামত দ্বীনের একটি মৌলিক বিষয় এবং এটি তাকফির ও ঈমানের মানদণ্ড স্বরূপ”। (নাউজুবিল্লাহ)

“দাউলাহ” নামক এই দলে। দ্বিতীয়ত যে দিক থেকে গোমরাহি প্রবেশ করেছে তা হল বিভিন্ন উগ্রপন্থী, তাকফিরি জামাতগুলো থেকে, যারা বার বার হোঁচট খায়, আর নিজেদের গোমরাহির রূপ প্রকাশ করে দেয়। এদের মধ্যে এমন কিছু লোক আছে যারা শুরুর দিকে জিহাদে যোগ দিয়েছিল এবং আমি এমন কয়েকজনের নাম জানি। আর এই লোকগুলোই অন্যদের কুমন্ত্রণা দিয়েছে এবং তাদের বক্তৃতা ঐসব অর্বাচীন যুবকদের উপর খুব প্রভাব ফেলেছে যারা কিনা এমন জায়গা থেকে এসেছে যেখানে তারা হঠাৎ করে জাহেলিয়াত থেকে এই মহান ধর্মে দীক্ষিত হয়েছে। ইসলাম গ্রহণের সময় তারা ছিল বিদেশীদের মত। তাই তাদের কেউ একজন যদি সুন্নাহর অনুসারী হয় তবে সে হেদায়াতপ্রাপ্ত হয়, অন্যথায় তার সীমালঙ্ঘন হবে ভয়াবহ যেমনটি পূর্বের উলামায়ে-কেরামগন বলেছেন।

একারণেই আপনি দেখতে পাবেন, তাদের অধিকাংশ অনুসারী হল মূর্খ যারা মাত্র কিছু দিন আগে দ্বীন পালন করা শুরু করেছে। আর এই অজ্ঞতার কারণেই তারা দ্বীন ও ‘ইলমী জটিল বিষয়লো বুঝতে অক্ষম। আর এটা তলিবুল ইলমদের জানা কথা যে শারিয়াহ আইন প্রয়োগের বিষয়টি একটি জটিল ফিকহি বিষয়। আসলে একজন ফকিহর (বিচারক) দায়িত্বসমূহের মধ্যে এটাই সবচেয়ে কঠিন বিষয়। তাই কোন একটি নিদির্ষ্ট জামাত অথবা একজন ব্যক্তির জন্য কুফর ও ঈমানের ফতোয়া

কিভাবে একজন অজ্ঞ লোক দিতে পারে যে কি না পানি, অজু ও সালাতের হুকুম (বিধান) জানে না? আমি এই ব্যাপারে অবগত হয়েছি যে, এই লোকগুলোর অনেকেই কোন ব্যক্তি এবং জামাতের উপর কুফরের ফতোয়া আরোপ করার জন্য আমার বক্তব্যকে দলিল হিসেবে ব্যাবহার করছে। এমনকি তাদের মধ্যে কেউ কেউ বলছে আমার বক্তব্যগুলোই তাদের সীমালঙ্ঘনের কারণ, যেন বিষয়টা এমন যে, আমিই তাদের পথভ্রষ্টতার কারণ। এবং এই লোকলো ভুলে গিয়েছে যে শারিয়াহর মূলনীতিলো, 'আম বক্তব্যগুলোকে দলিল হিসেবে প্রত্যেক জামাত চাইলে নিজেদের ইচ্ছেমতো ব্যাবহার করতে পারে। যেমন খারেজিরা আল্লাহর কালামকে দলিল হিসেবে ব্যাবহার করেছিল। কিন্তু হক এবং বাতিলের মাঝে পার্থক্য হল এই মূলনীতিলো প্রয়োগের শর্ত এবং তার প্রতিবন্ধকতা সম্পর্কে জেনে, সঠিকভাবে সেগুলো প্রয়োগ করা। আর এই পর্যায়ে এসে মানুষের মাঝে পার্থক্য রচিত হয়ে যায়; তাকওয়া ও 'ইলমের উপর ভিত্তি করে তাদের মর্যাদার তারতম্য হয়।

হিংসুক ও বিদ্বেষভাবাপন্ন কারও সাথে বোঝাপড়া করার সময় এটা নয়, না হলে এই অধম আরও অনেক কথাই বলত। কিন্তু যারা আমাকে ভালোভাবে চিনে এবং আমার বক্তব্য গভীর বিশ্লেষণ সহকারে পড়ে তারা এই লোকগুলোর মিথ্যাচার ও আমার প্রকৃত বিশ্বাসের মাঝে পার্থক্য করতে পারবে। আর যারা আমাকে জানে তারা এ বিষয়েও অবগত যে, কোন ব্যক্তি এবং জামাতকে কাফির সাব্যস্ত করার বিষয়কে হালকা ভাবে নেয়া, যথেচ্ছ তাকফির করা, ইত্যাদি বিষয়ে আমি কতটা কঠোর। সৌভাগ্যবশত এটাই আমার জন্য যথেষ্ট যে, আমি সবসময় এই ধরণের

অজ্ঞতা প্রতিরোধ ও প্রকাশ করে দেয়ার চেষ্টা করেছি এবং জিহাদি আন্দোলনে যেন এসব প্রবেশ করতে না পারে সে জন্য অনেকবারই এগুলোর বিরুদ্ধে সংগ্রাম করেছি। আমি আজ প্রায় ১৩ বছর ধরে কারাবন্দী। জিহাদের এই কণ্ঠাকাকীর্ণ পথের সামনের সারির অগ্রজ সৈনিক, যারা এই পথের হেফাজত করেছে এবং জিহাদের দ্বার উন্মুক্ত করেছে, তাদের প্রায় সবাই তাদের রবের নিকট শহীদ হিসেবে চলে গিয়েছেন। আর তাদের মধ্য থেকে খুব অল্পই কয়েকজন এখন আমাদের মাঝে আছেন, যারা এই পথের প্রকৃতি ও মূলনীতি সম্পর্কে জানে। আর তাদের বেশীরভাগই কারাবন্দী অথবা পলাতক।

চলার পথে যা বাড়ার তা ঠিকই বেড়েছে এবং বিদ'আত ও ভুল-ভ্রান্তির পরিমাণ অনেক হয়ে গেছে। বিদ'আতি, উগ্রপন্থী এবং নতুন বাতিল ফেরকা যেমন জামাআতুল খলিফা (জামাআতুল মুসলিমীন) সাধারণ মানুষ এবং বিদেশী তরুণ যারা কিছুদিন আগে জাহেলিয়াত থেকে উঠে এসেছে, তাদের মনযোগ আকর্ষণ করতে, এবং তাদের মধ্যে নিজেদের মতাদর্শের অনুপ্রবেশ ঘটাতে সক্ষম হয়েছে। এরা সাধারণত বিদেশী হয়ে থাকে যারা উগ্রপন্থা ও পথভ্রষ্টতার মূল উপাদান। ঠিক যেমন তারা অদূরদর্শীতা ও প্রজ্ঞাহীনতার প্রতিচ্ছবি। আর এই কারণেই প্রতিদিন নতুন কিছু শুনাটা অবাক হওয়ার মত কোন বিষয় নয়।

যদি এই অধম মুক্ত থাকত তাহলে লড়াই সমানে-সমান হত, কিন্তু কোন নাসিহাহ পাঠাতে চাইলে অনেক কাঠ-খড় পুড়িয়ে পাঠাতে হয়। আর ক্রমাগত আপনার মুখ বন্ধ রাখার চেষ্টা করা হয়। আর বেশীরভাগ ক্ষেত্রে

যা হয়, এমন কাউকে মুক্ত করে দেয়া হয়, যে যেখানে সেখানে তার অজ্ঞতা জাহির করে বেড়ায়,আর এই অসুস্থ আত্মাগুলো আপনার উপর এমন অপবাদ আরোপ করে যার দোষে সে নিজেই দুষ্ট। অথচ সে তার অবস্থান থেকে জানে যে, ইসলামের দুশমনদের জন্য সে এমন এক ‘কার্যকরী ভাঁড়’ যার কর্মকাণ্ড তারা আনন্দের সাথে দেখে এবং মানুষকে জিহাদের কাফেলা থেকে দূরে রাখার জন্য তার এই উগ্রপন্থা আল্লাহর দুশমনদের জন্য ‘তুরুপের তাস’ স্বরূপ। কেননা সফলতা ইনসাফ এবং সৎকর্ম ছাড়া অর্জন করা যায় না, যেমনটি আল্লাহু সুবহানু ওয়া তা’আলার আদেশ। আমি যা বলতে চাচ্ছি তা হল, ভাইয়েরা আমাকে প্রচুর অনুরোধ পাঠায় আর এগুলো একই সাথে ব্যথা ও ভালবাসা বহন করে। এবং চোখের পানি ফেলা আর ‘যদি আমি পারতাম’ বলা ছাড়া আমার অন্য কোন উত্তর থাকে না। আমার অবস্থা বর্ণনা করতে গেলে বলতে হয়ঃ

“যদি আমি পারতাম”, কিন্তু “যদি” কি কখনোকোন উপকারে এসেছে?
হায়! যদি তারুণ্য বিক্রি করা হতো, তবে নিশ্চয় আমি তা কিনতাম।

আর যদি ব্যক্তি কিছু লিখেও থাকে, তাহলেও প্রশ্ন থেকে যায় যে, কিভাবে সে এটা পাঠাবে? আর যদি সে পাঠায়, তাহলেও বা কিভাবে সে মানুষের প্রশ্নের ও যারা মতভেদ করবে তাদের উত্তর দিবে? এবং কিভাবেই বা সে তার ভাইদের সামনে গিয়ে দাঁড়াবে যারা তাকে উপদেশ দেয়, “লিখা বেশি বড় করবেন না, যতক্ষণ আমরা তা পাঠাতে সক্ষম না হই”। সকল প্রশংসা মহান আল্লাহর যিনি এই বিশ্বজগতের প্রতিপালক। খিলাফাত প্রসঙ্গে বলতে গেলে বলতে হয়, প্রত্যেকের এটা জানা থাকা

উচিত যে এটা আহলে সুন্নাহর জন্য নতুন কোন বিষয় নয়। সালাফগণ এবং পূর্বতন আহলুল ‘ইলম এই বিষয়ে উপসংহার জানিয়ে গিয়েছেন এবং এর সাথে সম্পৃক্ত প্রতিটি জিনিসের শর্ত ও মৌলিক বিষয় উল্লেখ করে গেছেন। বিভিন্ন প্রেক্ষাপটে ইসলামের ইতিহাসে অনেক বিপর্যয় এসেছে। তাই এই বিষয়ে উলামায়ে-কেরামগণ অনেক কিছু লিখে গেছেন।

খিলাফত প্রসঙ্গে আহলুস সুন্নাতের ধ্যান-ধারণা সম্পূর্ণ বিপরীতে যুগে যুগে বিদ’আতি, পথভ্রষ্টদের বিভিন্ন ধারণা এবং কথিত “খিলাফাহ” দেখা দিইয়েছে। তাই খিলাফত বিষয়ক আলোচনা অনেক পুরনো ও প্রসিদ্ধ। আর তাই আজ এই লেখক আপনাদের যা বলছে তা আহলুস সুন্নাহর দীর্ঘদিনের বক্তব্যের পুনরুচ্চারন মাত্র। কিংবা বলা যায়, সে পূর্বযুগের নীতিগুলোকেই আজকের নতুন পরিস্থিতিতে প্রয়োগ করা। এই গবেষণাপত্র আজকে যে লিখতে বসেছে সে মনে প্রাণে এমনটাই কামনা করে। আমি এই কথা এ জন্যই বলছি কেননা আমি এই নতুন ফিরকার (জামাআতুল মুসলিমীন) আদি রহস্য ব্যাখ্যা করেছি, এবং আমি আগেই বলেছি যে, তাদের গোমরাহি এখন “ইসলামিক স্টেট ইন ইরাক এন্ড শাম” নামক দলটির মধ্যেও প্রবেশ করেছে। কারণ আমরা দেখতে পাচ্ছি আজ এই দলও (দাউলাহ) দাবি করছে, যে একমাত্র তারাই সঠিক পথ প্রাপ্ত এবং অন্যান্য ইসলামিক দল বিশেষ করে জিহাদী জামাতগুলো কলুষিত হয়ে গেছে। আর তাদের দাবি মতে, এর কারণ হল খিলাফাহ সম্পর্কে সঠিক ধারণা ও বিশ্বাস (“সঠিক ধারণা ও বিশ্বাস” বলতে তারা

আসলে নিজেদের ভ্রান্ত ও বিদ'আতি বিশ্বাসকে বোঝায়) জিহাদি জামা'আগুলোর প্রতিষ্ঠাতা ও নীতি নির্ধারকদের মধ্যে ছিল না ও নেই।

জামাআতুল মুসলিমীনের 'খলিফা'র সাথে কথোপকথনের দিন সে আমাকে এরকমই বলেছিল আর "ইসলামিক স্টেট" এর তথাকথিত অফিসিয়াল মুখপাত্র সেই মূর্খ আদনানিও ঠিক এই কথাই বলেছে বিজ্ঞ ডাঃ আইমান আল জাওয়াহিরিকে উত্তর দেয়ার সময়। এই মূর্খ বলেছে সকল বিবাদ-দন্ধ নিরসনের উপায় হচ্ছে খিলাফতের ঘোষণা দেয়া। খিলাফত সম্পর্কে তাদের প্রথম ঘোষণা থেকেও এই বিষয়ে নিশ্চিত হওয়া যায়। কারণ সে ঘোষনায় মূর্খ বলেছিল মুসলিমদের বাকি থাকা সব আশা পরিপূর্ণ হবে খিলাফত ঘোষণার মাধ্যমে। বিষয়টা যেন এছাড়া মুসলিম উম্মাহ-র বাকি সব আশা পূরণ হয়ে গেছে।

শুরুতেই আমি আমার ভাই-যারা উপদেশ গ্রহণ করেন এবং সত্যান্বেষী, তাদের জানিয়ে দিতে চাই, এই ঘোষণা মূর্খদের সাথে সংঘাতের ক্ষেত্রে কোন মৌলিক পরিবর্তন আনবে না। তাই এটা কখনই বাগদাদি ও আদনানি সাহেবের গ্রুপ কিংবা যারা তাদের সাথে আছে তাদের শক্তি বৃদ্ধি করবে না। ঠিক তেমনিভাবে এটা অজ্ঞদের আস্ফালনকে দুর্বলও করবে না। জিহাদি জামাতগুলো সব একই পথে ছিল, বরং তাদের অনেকেই এক জামাতের অধীনে কাজ করত। আর তা হচ্ছে বিজ্ঞ ডাক্তার সাহেবের হাতে বাই'য়াতবদ্ধ থাকা। তাই 'খিলাফত' এর পদবিটি আমদানি করে বসলেই দ্বীনের দুশমনদের সাথে যুদ্ধের অবস্থার কোন পরিবর্তন

হবে না। কিন্তু সমস্যা হচ্ছে এই অনিষ্টকর ঘোষণা মুজাহিদদের পরস্পরের মাঝে লড়াইয়ের দিকে ঠেলে দিবে।

আর এই ঘোষণার প্রকৃত উদ্দেশ্য হল ইয়েমেন, সোমালিয়া, আলজেরিয়া, কাভকাজ, আফগানিস্তান, মিশর এবং শামের দেশগুলোতে লড়াইরত জিহাদি জামাতগুলো। তাঁদেরকে উদ্দেশ্য করেই, তাঁদেরকে লক্ষ্য করেই, তাঁদেরকে দলে ভিড়ানোর জন্যই এ ঘোষণা দেয়া হয়েছে। সাধারণ মুসলিমদের জন্য নয়। তাই এই ঘোষণা তাদের (জামাআতুল বাগদাদি) জন্য দৈনন্দিন জীবনের অন্যান্য ঘটনাগুলোর মতই একটি ঘটনা। এ কারণেই এর অনিষ্ট বাস্তব রূপ ধারণ করছে আর এর মাধ্যমে ভাল কিছু আসবে না কেননা এ ঘোষণা দেয়াই হয়েছে কতৃত্ব ও নেতৃত্ব অর্জনের উদ্দেশ্যে। আর কতৃত্ব ও নেতৃত্বের জন্য যুদ্ধ করাই ইসলামের ইতিহাসের সবচেয়ে ভয়াবহ বিপর্যয় গুলো ডেকে এনেছে। আসলে একজন মুসলিম চাইলে ইসলামিক ইতিহাসের যেকোন কিছু নিয়ে গর্ব করতে পারে।কিন্তু যখন মুসলিম উম্মাহর ইতিহাসে নেতৃত্বের বিষয়টি আসে, তখন সে এক অন্ধকারাচ্ছন্ন ইতিহাস দেখতে পায়। সে দেখতে পাবে পারস্পরিক বিদ্বেষ এবং সীমাহীন রক্তপাত - দুনিয়ার জন্য করা অনেক কিছু কিন্তু আখিরাতের জন্য সামান্যই।

“স্টেট” নামধারী এ দলটি যা করেছে তা হল, জিহাদী জামাতগুলোর কর্তৃত্বের ব্যাপারেতাদের ও তাদের প্রতিদ্বন্দ্বীর (তানজীম আল-ক্বাইদা) মাঝে চলমান বিরোধকে রক্তপাতের দিকে নিয়ে গেছে এবং তারা তাদের এই হারাম রক্তপাতকে বৈধতা দেয়ার জন্য একটি অজুহাত তৈরি করে

নিয়েছে (নিজেদের “খিলাফাহ” ঘোষণার মাধ্যমে)। এজন্য তারা ”বুগাত” (বিদ্রোহি) এর ফিক্কহটি ব্যবহার করছে। একারনেই আমরা দেখি চরম মূর্খ আদনানি তার বক্তব্যে “বুগাত” এমন ইঙ্গিতই প্রদান করেছে। যারা তাদের আনুগত্য করবে না, তাদের হুমকি দিয়েছে এই বলে যে, এর শাস্তি হচ্ছে রক্তপাত এবং হত্যা। শুধু তাই নয়, এই জাহান্নামের কুকুরগুলো, তাদের ইমাম ও নেতাদের সাথে মতভেদ কেউ করলেই তাদেরকে কাফির সাব্যস্ত করে, ঠিক যেমনটা আমরা এর আগে ‘জামাআতুল আল-খালিফা’র (জামাআতুল মুসলিমীনের) বেলায় দেখেছি। তাদের ক্ষেত্রেও একই ব্যাপার ঘটতে যাচ্ছে যা জামাআতুল মুসলিমীনের ক্ষেত্রে হয়েছে। যদিও এধরনের বিষয়গুলো সরাসরি তারা প্রকাশ করে না। বরং ধীরে ধীরে তাদের অপকর্মের মাধ্যমে ক্রমান্বয়ে তা প্রকাশ পায়। যেমনটা আমরা দেখেছি, খিলাফত ঘোষণার আগে জাবহাত আল নুসরার সাথে প্রথমত তাদের বিরোধ ছিল সাংগঠনিক বিষয় ও নেতৃত্ব নিয়ে। কিন্তু পরবর্তীতে তারা আল নুসরাকে তাকফির করলো এবং তাদের রক্তকে হালাল ঘোষণা করলো। যে কেউ এধরণের বাতিল ফেরকাগুলোর ইতিহাস বিশ্লেষণ করবে, সে দেখবে শারিয়াহর দলিল ও দ্বীনের এমন মনগড়া ব্যাখ্যার প্রবণতা নতুন কিছু না, এ ধরণের লোকদের পক্ষে এরকম জঘন্য কাজ খুব সহজ।

আসলে বাগদাদি যা চেয়েছিল, যদি সে সত্যিই এই সংঘটনের নিয়ন্ত্রনকারী হয়ে থাকে-যদিও এই বিষয়ে আমার সন্দেহ আছে, কারণ এমন অনেক ইঙ্গিত আছে যা দেখে আমার মনে হয় এই লোকের অবস্থা মুহাম্মদ ইবন আবদুল্লাহ আল কাহতানির থেকে ভিন্ন কিছু নয় যাকে

নিয়ন্ত্রন করতো জুহায়মান। নেতৃস্থানীয় পর্যায়ে এমন কিছু মানসিক দুর্বলতা লক্ষ্য করা যাচ্ছে যা বাগদাদীকে আদনানি এবং অন্যদের আনুগত্য করতে বাধ্য করছে। এই ধরণের চাক্কল্যকর তথ্য আমার কাছে এসেছে এবং এর সুদূরপ্রসারী তাৎপর্য সম্পর্কে আমি অবহিত হয়েছি। যাই হোক, আমি বলব, আসলে বাগদাদি চেয়েছিল খিলাফত ঘোষণার মাধ্যমে, তাদের এবং জাবহাত আল নুসরা এর মাঝে শামে জিহাদের নেতৃত্ব নিয়ে যে বিরোধ হয়েছে তাতে এক চালের মাধ্যমে বিজয়ী হবার, বিশেষ করে, ডাঃ আইমান এর হাতে তার কোন বাইয়াত ছিল না, এই মিথ্যে যখন উন্মোচিত হয়ে গেল। সে চাচ্ছিল এমন একটা চাল দিতে যার মাধ্যমে সে শামের জিহাদের নেতৃত্ব পেয়ে যাবে, আবার নিজের মুখও বাঁচাতে সক্ষম হবে।

বাগদাদি এখন শীতনিদ্রায় আছে তাই কোন জবাব দিতে পারছে না। তাই গালিগালাজে ও কাঁদা ছুড়াছুড়িতে ওস্তাদ এমন কেউ তার জায়গা দখল করে নিয়েছে। আসলে এই জামাত আলেম-উলামা শুন্য হওয়ার কারণে এই বিষয়ে শারঈ দৃষ্টিকোণ থেকে কথা বলবে এমন কেউ নেই। তাই যখন তাদের কেউ কথা বলতে আসে তখন সে ধ্বংস ও বিপর্যয় ডেকে আনে। ফলস্বরূপ চিৎকার-চেঁচামেচি আর হত্যার হুমকি ধামকি দেয়া ছাড়া তারা আর অন্য কিছু দেখাতে পারে না।

আর সমস্যা সমাধান আর মুখ বাঁচানোর এই চাল, যেটাকে তারা মনে করছে মুসলিম উম্মাহর সকল সমস্যার সমাধান এবং তাদের স্বপ্ন পূরণ– এই ঘোষণা –এটা অজ্ঞদের খুশি করবে, কিন্তু এটা সমস্যাকে আরও

প্রকট করে তুলবে এবং কোন নিঃসন্দেহে রক্তপাত বৃদ্ধি করবে। আর এর মাধ্যমে আপনি শুরু থেকেই জানবেন, আল্লাহু সুবহানুওয়া তা'আলার মনোনীত জীবনবিধানে এর ফয়সালা কি (অর্থাৎ যেহেতু এই ঘোষণার ফলাফল হল অধিক রক্তপাত, তাই শুরুতেই বোঝা যায় যে এই ঘোষণার ব্যাপারে আল্লাহ্‌র দ্বীনের ফয়সালা হল, সে হল বাতিল)।

তাই আপনি যদি কোন বিষয়ের হুকুম জানতে অক্ষম হন তাহলে এর ফলাফলের দিকে দেখুন। ভেবে দেখুন যাদের রক্ত প্রবাহিত হবে তারা মুজাহিদ, এটা মুরতাদ বা জিন্দিকের রক্ত নয়। তাই বুদ্ধি-বিবেক সম্পন্ন, ধার্মিক এবং প্রজ্ঞাবান লোকেরা এই সিদ্ধান্তের ("খিলাফাহ" ঘোষণা) একটি উত্তম বিকল্প প্রস্তাব করেছিলেন, আর তা ছিল সন্ধিতে পৌঁছান। এবং তার পর সেই সন্ধির উপর ভিত্তিকরে এমন কোন সমাধানের পথ বের করা যা সাহাবায়ে-কেরাম (রাঃ) এর নীতিবিরোধী হবে না, যা আমি শীঘ্রই ব্যাখ্যা করব।

আপোষের সমস্ত ইন্তেজাম হয়ে গিয়েছিল এবং আপোষে পৌঁছা যেত, যদি এদের মাঝে ধার্মিকতা, সহানুভূতি, জ্ঞান ও উত্তম আদব-আখলাক থাকত। শারিয়াহর আলোকে বিবাদ মীমাংসা করার জন্য তাদেরকে অনেকবার ডাকা হয়েছে। কিন্তু তারা অহংকারের বশবর্তী হয়ে এই আহবান প্রত্যাখ্যান করেছে কেননা তারা তাদের জামাতকে 'স্টেট/রাষ্ট্র' ঘোষণা করে বসে আছে আর তাদের এজন্য নাকি এটা সমাচীন নয় যে তারা কোন ছোট গ্রুপের সাথে বিচার-ফয়সালা করার জন্য বসবে! তাদের মধ্যকার জ্ঞানের মিথ্যা দাবিদার ছদ্মবেশী মিথ্যুকরা তখন অজুহাত

দেখালো যে, ইসলামের ইতিহাসে কোন রাষ্ট্র/স্টেট, বিচার-ফয়সালার জন্য কোন সংঘটনের সাথে বসে নি। যদি এই লোকেরা আল্লাহু সুবহানাহু ওয়াতা'আলার এই আয়াতটি পড়ে দেখতঃ

যদি মুমিনদের দুটি দল.....সুরা হুজুরাত (৪৯:৯)

এবং এর সাথে যদি এই আয়াত প্রসঙ্গে মা আয়িশা (রাঃ) এর ব্যাখ্যাও দেখে নিত তাহলে তারা কখনও কুরআন সুন্নাহর ব্যাপারে এরকমক মিথ্যা বলত না। যদি তারা নবীজি (সাঃ) এর জীবনীটা পড়ে দেখত তবে দেখতে পেত কিভাবে বনি কুরাইজার ইহুদীদের ব্যাপারে নবীজি (সাঃ) সা'দ ইবন মুয়াজ (রাঃ) এর ফয়সালা মেনে নিয়েছিলেন। যদি তারা ইতিহাস পড়ে দেখত তবে দেখতে পেত কিভাবে সঠিক পথ প্রাপ্ত খলিফা আলি ইবন আবু তালিব (রাঃ) তাঁর এবং মুয়াবিয়া (রাঃ) এর মাঝে সমস্যার ব্যাপারে নিরপেক্ষ শারীয়াহ আদালতের মীমাংসার ফয়সালা মেনেই নিয়েছিলেন। কিন্তু এই হচ্ছে এই গ্রুপের এ 'শারঈদের অবস্থা (বিচারক)' যাদের অজ্ঞতা এই বিপর্যয় ডেকে এনেছে।

একজন মুসলিম (শাইখ এখানে নিজের প্রতি ইঙ্গিত করছেন) যে কিনা সারা জীবন শরীয়তকে বিজয়ী ও আল্লাহর দ্বীনকে কায়েম করার জন্য কাজ করেছেন, তাঁর জন্য ক্রমাগত এটা মুখে বলা জরুরি না, যে তিনি চানমুসলিম ভুমিতে খিলাফত ফিরেআসুক এবং শারীয়াহর শাসন প্রতিষ্ঠিত হোক যাতে করে মুসলিম উম্মাহ যে সুফল থেকে এতোকাল বঞ্চিত হয়েছে, তা তারা পুনরায় ফিরে পাক, এবং যে অজ্ঞরা এখানে ক্ষমতায়

অধিষ্ঠিত তারা বিতাড়িত হোক। এট বার বার মুখে বলার কিছু নেই, কারণ নিতান্ত বিপথগামী অথবা আল্লাহর দ্বীনের বিরোধিতাকারী ছাড়া আর কেউ খিলাফাহর প্রয়োজনীয়তা অস্বীকার করবে না। তাই বিরোধটা ইমামত ও খিলাফতের শারঈ ভিত্তি নিয়ে নয়, যেহেতু এই বিষয়ে সবাই একমত এবং ফিকহের কিতাব ও ইসলামী রাজনীতির সকলে কিতাবগুলোতে এ বিষয়গুলো উল্লেখিত আছে।

তেমনিভাবে, যা ঘটছে (বাগদাদীর "খিলাফাহ" ঘোষণা) তা সে সমর্থন করে না, সাহাবী (রাঃ) এর বুঝ, ফুক্বাহা ও আলেমদের বক্তব্যের ব্যাপারে যা সে জানতে পেরেছে, তার সাথে বাগদাদীর এই ঘোষণার কোন মিল নেই – এ ঘোষনা দেয়ার সময় ব্যক্তির (শাইখ আবারো নিজেকে বোঝাচ্ছেন) জন্য এটা বলা জরুরি না যে দলে দলে বিভক্ত হওয়া শারীয়াতে নিন্দনীয়। এবং এও তার আলাদা করে বলার প্রয়োজন নেই যে একই সাথে দুই জন খলিফা থাকার অনুমতি নেই, যদিও পূর্বযুগের এ বর্তমান যুগের কোন কোন আলেম একে বৈধ বলেছেন, কিন্তু যারা এরকম বলেছেন তারা এ ব্যাপারে ভুল বলেছেন। বরং এসবের পরিবর্তে এ ঘটনা থেকে শিক্ষণীয় বিষয় হচ্ছে, এই জামাত ঐক্যে ফাটল ধরিয়েছে এবং বিভক্তি সৃষ্টি করেছে। কিন্তু যিনি এখন এসব লিখছেন তিনি এদের উত্থানের মাঝে অনেক কল্যাণ এবং জিহাদি জামাতগুলোর উপর আল্লাহর ঐশ্বরিক রহমত দেখতে পাচ্ছেন।

এর ব্যাখ্যায় আমি বলবঃ আসলে জিহাদি আন্দোলনের জন্ম এক বিশেষ পরিস্থিতিতে হয়েছে এবং এই পথ জিহাদি আন্দোলনের অনেক নেতাকে

গ্রাস করেছে। তারা হয় তাদের রবের নিকট চলে গিয়েছে নয়ত কারাবন্দী। যে সকল আলেম তাদের বিরোধীতা করে তারা মুজাহিদদের ব্যাপারে আল্লাহকে ভয় করে না এবং তাদের প্রতি তারা সামান্য সহানুভূতি, ভদ্রতা ও ভালবাসাও দেখায় না। বরং তাদের বিরুদ্ধে তারা ইসলামের শত্রুদের পক্ষালম্বন করে এবং সত্য-মিথ্যা বলে ও সংশয় তৈরি করে তাদের উপর আক্রমণ করতে থাকে। তাই এই দুই পক্ষের মধ্য পরস্পরের প্রতিঅন্তরে কাঠিন্যসৃষ্টি হয়েছে এবং যে পথের মাধ্যমে পরস্পরের মধ্যে সংযোগ ঘটতে পারে তা এই পারস্পরিক কাঠিন্যের কারণে শুকিয়ে গেছে।

ফলস্বরূপ দেখা গেল, মুজাহিদগণ এই সব আলেম-উলামা যারা তাদের বিরোধীতা করে তাদের মুনাফিক মনে করে যারা তাদের দ্বীনকে জালিম শাসকের নিকট বিক্রি করে দিয়েছে। আর এসব আলেম-উলামারাও মুজাহিদরা হকের উপর আছে বলে মনে করে না। আর তাই তাদের পারস্পরিক আলাপ-আলোচনা চিৎকার-চেঁচামেচিতে পরিণত হয়, যেখানে প্রত্যেক ব্যক্তিই তার নিজের কথা ছাড়া অন্য কারও কথা শুনতে পায় না। এ ধরণের বিব্রতকর পরিস্থিতিতে বাড়াবাড়ি বৃদ্ধি পায় এবং সঠিক পথ হতে বিচ্যুতি তীব্রতর হতে থাকে অথচ সাধারণ মানুষ শুধু সহজ বিষয়গুলোই বুঝে, আর তাইএ আলোচনার ‘আম কিছু বক্তব্য ছাড়া আর কিছুই তাদের বোধগম্য হয় না, কারণ তাদের দৌড় এতটুকু পর্যন্তই। আর এই পথটা (জিহাদ) হচ্ছে সবচেয়ে কঠিন পথ যেহেতু এই পথে নিজের সর্বস্ব বিলিয়ে দিতে হয় এবং ভালো-মন্দ মিশে থাকে যা আলাদা করা কঠিন হয়। আসলে আল্লাহর রাস্তায় জিহাদে মানুষের কর্মকাণ্ডে

সবচেয়ে বেশী বৈচিত্র দেখা যায়। যদি কেউ রাসুলুল্লাহ (সাঃ) এর জীবনী পড়ে তাহলে সে দেখতে পাবে যে, যুদ্ধ ও জিহাদের ময়দানে সবচেয়ে জটিল পরিস্থিতি সৃষ্টি হয়।

এবং আজকে ইসলামপন্থীদের মাঝে অনেকেই আছে যারা বিশ্বাস করে যে ইসলামের এমন অনেক দিক আছে যে বিষয়ে আমরা ইজতিহাদ করতে পারি, ইসলামের এমন অনেক দিক আছে যা আমরা আবিস্কার করতে পারি, যা সালাফগণ করেন নি। আর এই প্রবণতা আধুনিক সালাফি আন্দোলনের মাঝেও দেখা যাচ্ছে, আর এর ফলে 'ইলমের যে দুটি অক্ষ আছে; পঠন ও শ্রবণ, সে দুটি পরস্পর বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে।

আর এ প্রবণতা যখন জিহাদি আন্দোলনের মধ্যে প্রবেশ করেছে তখনতা ধোঁয়াটে পরিস্থতিত্র সৃষ্টি করেছে। আর যেহেতু জিহাদের পরিবেশ হল হত্যা আর লড়াইয়ের পরিবেশ সেহেতু কর্তৃত্ব দানকারী পদগুলো যদি আলেমশুন্য হয়, তবে তা চরম্পন্থার এক উৎসমূলে পরিণত হয়। আর যে কেউই আলজেরিয়ার পরিস্থিতি অবলোকন করেছে এ বিষয়টা সে বুঝতে পারবে। আর আজকে আমরা আমরা আদনানী আর তার সমগোত্রীয়দের কন্ঠে এই একই সূর শুনতে পাচ্ছি।

আর যেমনটা আমরা জানি, এই পথের দৈর্ঘ্য আর সময়ের সাথে সাথে অবস্থার পরিবর্তন, উত্থান-পতন, যাদের মধ্যে চরমপন্থার ঝোঁক আছে তাদের মধ্যে ব্যাধি সৃষ্টি করবে। আর আল্লাহ্‌র সুন্নাহ হল, তিনি বিভিন্ন দল ও জাতিকে ফিতনায় ফেলেন– তাদের পরীক্ষা করেন। আর সে

অমোঘ নিয়মেই জিহাদের এই পথেও ফিতনা আপতিত হয়েছে, ফলে যা হবার তা হয়েছে, বিশেষ করে চরম্পন্থার ক্ষেত্রে ফিতনা হয়েছে। আর যাদের মধ্যে চরমপন্থা আছে তারা না বুঝে, নিজেরা অর্থ তালাশ না করে কিছু বক্তব্যের সাধারণ অর্থকেই শুধু গ্রহণ করেছে।

নিশ্চয়ই আল্লাহর পক্ষ থেকে এই ফিতনা মানুষকে পরীক্ষা করার জন্য আসে। আর এই পরীক্ষার ফলে মর্যাদার ভিত্তিতে মানুষকে পৃথক করা হয়। এর জন্য চরম মূল্য দিতে হয়, কিন্তু এমনটা প্রয়োজন। আর মহান আল্লাহ তা'আলার রহমতে যা ঘটেছে তাতে আমি মোটেও দুঃখিত নই, বরং আমি এতে আল্লাহর হিকমাহ দেখতে পাচ্ছি যে, এর মাধ্যমে এই পথ (জিহাদ আন্দোলন) থেকে চরমপন্থা, বিপথগামীতা ও পথভ্রষ্টতা দূর হচ্ছে। নিশ্চয়ই সাধারণ মানুষ মুজাহিদ আর চরমপন্থিদের পার্থক্যটা বুঝত না কারণ সাধারণ মানুষজন জিহাদের এ ব্যাপার নিয়ে সাধারণ মানুষ চিন্তা করতো না।

কিন্তু বর্তমানে এই পার্থক্য (মুজাহিদ আর চরমপন্থিদের মাঝে পার্থক্য) জনপ্রিয় এবং সুপরিচিত। আর এই ব্যক্তি (লেখক) আল্লাহর প্রশংসা করে বলে যে কোন মন্দ, বিদআত বা পথভ্রষ্টতা তার উপর আরোপিত হয় নি, যদিও সংখ্যার দিক দিয়ে এধরণের লোকেরাই বেশি হয় এবং তারাই লোকদের উপর প্রাধান্য বিস্তার করে আছে। কুরআন আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখার আর অনুসরণের নিয়ম শিখিয়েছে। অস্তিত্বের জন্য, আল্লাহ বলেন, "যা কিছু চলে যায় তা সমুদ্রের ফেনার মত আর যা কিছু মানুষের জন্য কল্যাণকর তা জমিনে থেকে যায়।"

সত্য ছাড়া অস্তিত্ব পূর্বের অবস্থায় ফিরে আসবে না। আর লোকজনের কাছে যদি মনে হয় যে এই মিথ্যার ঢেউ আর ফেনা এমনি প্রবল যে সব কিছু লণ্ডভণ্ড হহয় যাবে, তাহলে এই ব্যক্তি (শাইখ নিজে) বলবে, সে তার জীবনে এমন অনেক কিছুই প্রত্যক্ষ করেছে। এইসব ফেনা আর ক্ষণিকের বিস্ফোরণ তাকে এখন আর প্রভাবিত করে না, এসবই হল বুদবুদ যা অবধারিত ভাবেই একসময় বাতাসে মিলিয়ে যাবে, লোকসংখ্যা দ্বারা বিভ্রান্ত হওয়া শিশু সুলভ মানসিকতার অধিকারী লোকেরা আর কেউ এসবের ধোঁকায় পড়বে না। আর অনুসরণের ক্ষেত্রে মহান আল্লাহ তা'আলা বলেন, "মন্দ আর ভাল কখনও সমান নয়, যদিও মন্দের প্রাচুর্য তোমাদের আনন্দিত করে।"

আর সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার, যিনি জ্ঞানার্জনের পথের শুরুতে আমাকে এমন একজনের অধীনে শিক্ষা গ্রহণের তাওফীক্ব দিয়েছেন, যিনি আমাকে লোকসংখ্যার আধিক্য দেখে প্রতারিত না হওয়ার শিক্ষা দিয়েছেন।তা যত বেশিই হোক না কেন আমাকে খতিয়ে দেখার শিক্ষা দিয়েছেন।

আর এখন সময় এসেছে পরিশুদ্ধি আর পরীক্ষার, আর অবধারিত ভাবেই এতে সৃষ্টি হবে বিভাজন ও দুর্বলতা। কিন্তু ধৈর্য, স্থিরচিত্ত হৃদয় আর সঠিক বুঝ থাকলে ইনশাআল্লাহ্ এর ফলাফল হবে নিঃসন্দেহে প্রশংসনীয়। আজ আমরা দেখছি ত্রুটিপূর্ণ দলগুলো একত্রিত হচ্ছে আর তারা তাদের দিকে আকৃষ্ট করবে সেসব ব্যক্তিকে যারা নিজেদের নফসকে অনুসরণ করে। যারা নিজেদের আর তার ভাইদের মধ্যে এ পথে যা

আছে (জিহাদি আন্দলনের নেতৃত্ব, কতৃত্ব ও ক্ষমতা) তা নিজেদের কামনা করে, আর এ সুযোগে সে চায় নিজের লালস চরিতার্থ করার এবং যা সে অন্তরে গোপন করেছিল তা প্রকাশ করে দেবার। যে ব্যক্তি নেতৃত্ব ভালোবাসে, কিন্তু কোন কারণে হারিয়েছে, এই লোকদের (জামাআতুল বাগদাদী) মাঝে তা সে খুঁজে পাবে (অর্থাৎ সে নেতা হতে পারবে)। আর বিদআতি ব্যক্তি যে জ্ঞান থেকে বঞ্চিত সে এই লোকদের মাঝে থেকে সেই পথ খুঁজে পাবে যা তাকে নেতৃত্ব দেবে আর শক্তিশালী করবে। আর এই লোকেদের প্রথম ঘোষণাই (যে জাবহাত আন নুসরাহ হল তাদের বাহু আর সিরিয়া শামে তাদের শাখা) যখন ছিল কামনারই অনুসরণ, পরবর্তীতে তারা কি করবে? আর যে চিন্তাশীল ও উপলব্ধি করতে সক্ষম ব্যক্তি বুঝতে পারবে শুরু থেকে আজ পর্যন্ত কিভাবে তাদের কাজকর্মে কামনার অনুসরণ প্রতিনিয়ত বেড়েই চলছে। কিভাবে দ্রুততার সাথে নাফস ও প্রবৃত্তির অনুসরণ তাদের মধ্যে প্রসার পেয়েছে, যার কারণে শেষমেশ তারা এক কল্পিত খিলাফাহ ঘোষণা করে বসে আছে।

সত্যিকার অর্থেই কিছু পরীক্ষা আল্লাহর পক্ষ থেকে রহমত স্বরূপ। আর সমস্ত প্রশংসা বিশ্বজাহানের মালিক আল্লাহ তা'আলার জন্য। ইসলামী আইনে 'ইমামতে উজমা' (খিলাফত) সম্বন্ধে বিস্তারিত আলোচনা না করে, আমি কিছু বিষয় এমনভাবে তুলে ধরতে চাই যা অনেকের উত্থাপিত অনেক প্রশ্নের উত্তর দেবে এবং ঐসব জ্ঞাননহীন অজ্ঞ ব্যক্তি যারা আগপিছ না ভেবেই এই দলে যোগ দেওয়ার জন্য ঝাঁপিয়ে পড়তে চায় তাদের গোমরাহির বিষয়টিও স্পষ্ট করে দেবে। আর সাফল্য একমাত্র আল্লাহ্‌র সাথেইঃ

১) ক) নামসমূহের প্রযোজ্যতা তথা যথার্থতা নির্ভর করে উদ্দিষ্ট বাস্তবতা ও অর্থের উপর। কোন নামের সাথে যে অর্থ ও দায়িত্ব সমূহ সংযুক্ত সেগুলো কার্যকর হবে না, প্রযোজ্য হবে না, যতক্ষণ নাম যারা যে অর্থ উদ্দিষ্ট তা বাস্তব দ্বারা প্রতিফলিত হচ্ছে। [যদি নামকরণের মাধ্যমে যা উদ্দেশ্য করা হচ্ছে, তার বাস্তব অস্তিত্ব না থাকে তবে, সে নামকরণকে যথার্থ বলা যায় না। যেমন মরুভূমিকে প্রাসাদ নামকরণ যথার্থ নয়।] "খিলাফাহ" নামটি হল একটি technical composition। এর লক্ষ্য ও উদ্দেশ্য পূরন হচ্ছে কি না, এর দ্বারা এর বাস্তবতা উপলব্ধি করা যায়। আর যখন লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অপূর্ণ থাকে, তখন তা হল উক্ত নামের দ্বারা উদ্দিষ্ট বাস্তবতার অনুপস্থিতির পরিচায়ক। আর এই স্বাভাবিক বিষয়টিকে কোন সুস্থ বিবেকসম্পন্ন মানুষের পক্ষে অস্বীকার করা সম্ভব নয়। আর এ বিষয়টি পাশকাটিয়ে কেউ যদি নিছক কোন দাবিকে খিলাফাহ হিসেবে মেনে নেয় তাহলে সে সুস্থ বিবেকসম্পন্ন নয়।

সুতরাং এই 'ইমামতে উযমা' (প্রধান ইযমা) আর 'খিলাফাহ' একটি বাস্তব অস্তিত্বের সাথে জড়িত পদবি এবং নামাবলী, যা একটি সুনির্দিষ্ট অর্থ বহন করে। এটি সালাত, যিকর, হজ্জ ও সাওম এর মত শুধুমাত্র একটি ইবাদাত নয় যা কেবল মাত্র উক্ত ইবাদাতের উদ্দেশ্যেই করা হয়। [*অর্থাৎ সালাতের উদ্দেশ্য শুধুমাত্র সালাত আদায়। হাজ্জের উদ্দেশ্য শুধুমাত্র হাজ্জ করা। কিন্তু খিলাফাতের উদ্দেশ্য শুধুমাত্র খিলাফাতের প্রতিষ্ঠা করা কিংবা ঘোষণা করা। বরং কিছু বাস্তব উদ্দেশ্য ও লক্ষ এবং শর্তও পূর্ণ করা।] বরং বেশিরভাগ আলেম খিলাফাহর ব্যাপারে এই মত প্রকাশ করেছেন যে - 'ইমামের কর্মকাণ্ড (অর্থাৎ এগুলোর ভালোমন্দ)

নির্ভর করে আয়ত্তাধীন লোকজনের কল্যাণের উপর'। সুতরাং ইমামের কর্মকাণ্ডের পেছনে অবশ্যই কোন উদ্দেশ্য সাধনের লক্ষ্য থাকবে আর যখন তা না থাকে, তবে সে তখন আর ইমাম বা খলিফা নামেরও হকদার থাকবে না। আর ফিক্বহের নিয়ম থেকে পাই 'দ্বীন ইসলাম যেটাকে সার্বিকভাবে নিষিদ্ধ করেছে, সেটার ক্ষুদ্র ক্ষুদ্র অংশও কখনো বৈধ হবে না।'

অর্থাৎঃ কোনকিছুর মধ্যে যদি মাকসাদ আল শারীয়াহ, সেই বস্তুর দ্বারা উদ্দিষ্ট মূল দ্বীন উদ্দেশ্য ও নির্যাস অনুপস্থিত থাকে, তবে তার অংশবিশেষ গৃহীত হবে না।

এ বিষয়টা যে বুঝতে সক্ষম সে বুঝতে পারবে, শারীয়াহ নির্ধারিত যেসব উদ্দেশ পূরণের জন্য "ইমামত" অর্পণ করা হয়, তাই যদি কোন নেতার মধ্যে অনুপস্থিত থাকে যাকে ইমামতের বাই'য়াহ দেয়া হয়েছে, তাহলে সেক্ষেত্রে শারীয়াহতে "ইমাম" শব্দের দ্বারা যে অর্থ ও উদ্দেশ্য জ্ঞাপন করা হয় তা অর্জিত হয় নি। দ্বীনে "ইমাম" দ্বারা যে নির্দিষ্ট অর্থকে বোঝানো হয় তা এক্ষেত্রে প্রযোজ্য না। [* অর্থাৎ এই ব্যক্তি শার'ই ভাবে ইমাম বলে গণ্য হতে পারে না, যদি সে নামে ইমাম]।

আর এটা হল বিশদ ব্যাখ্যা ব্যতিরেকে সংক্ষিপ্তাকারে তাদের বিভ্রান্তিকর জবাব, যারা অজ্ঞতাবশত খিলাফতের অস্তিত্বের জন্যে তামকীনের (যমিনে সুদৃঢ় প্রতিষ্ঠা ও কতৃত্ব অর্জন) শর্তকে বাতিল বলে মনে করে। আর এই আলোচনা তার সাথেই সম্ভব, যে ব্যক্তি ফিকহ এবং ফিকহের

মূলনীতি/উসুল সম্বন্ধে জ্ঞান রাখে, তার সঙ্গে নয় যে এগুলোর ব্যাপারে অজ্ঞ।

খ) রসুলুল্লাহ (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিচের বক্তব্যটি এ জিনিসেরই সাক্ষ্য দেয়,

(إنما الإمام جنة يقاتل من ور انه ويقتى به)

'নিশ্চয়ই ইমাম ঢালস্বরূপ। তার অধীনেই লড়াই হবে আর তার কাছেই সুরক্ষা চাওয়া হবে।' (সহীহুল বুখারী)

আর এই ঢাল; অর্থাৎ প্রতিরক্ষা ও শক্তি, এর উপকরণসমূহ ছাড়া আসবে না বা অর্জিত হবে না, আর এর উপকরণলো 'শাওকাহ' (শক্তি) আর 'তামকীন' (প্রতিষ্ঠা) নামে পরিচিত। এই হাদিস নির্দেশ করে ইমাম বা খলিফা হতে হলে দুটো জিনিস থাকা আবশ্যকঃ-

প্রথমতঃ 'তার অধীনেই লড়াই হবে' আর দ্বিতীয়ত 'তার কাছেই সুরক্ষা বা নিরাপত্তা চাওয়া হবে'। অস্তিত্ব টিকিয়ে রাখার নিয়ম এটাই। আর ফিকহের মূলনীতি বলে, الغرم بلغنم 'লাভ ও ক্ষতি পরস্পর সম্পর্কযুক্ত'। সুতরাং খালিফাহকে মান্য করা হবে কারণ রাসূলুল্লাহ সাঃ বলেছেন 'তার অধীনেই লড়াই হবে'। সুতরাং তাকে অসাধুভাবে বা মিছেমিছি মেনে নেওয়া হবে না। আর যেহেতু 'তার কাছেই সুরক্ষা চাওয়া হবে' এজন্য তার উপর জনগণের অধিকার আছে। আর নিরাপত্তা তার কাছেই চাওয়া হয় যার ব্যাপারে এই শর্ত পূরণ হয়, অর্থাৎ যার আসলেই সুরক্ষা দেওয়ার সামর্থ্য আছে।

গ) ফিকাহশাস্ত্রে এটি একটি পরিচিত বিষয় এবং শায়খুল ইসলাম ইবন তাইমিয়া (রঃ) "মিনহাজ আস সুন্নাহ" এর সূচনাতে এই বিষয়ে বিস্তারিত লিখেছেন যে, নেতৃত্ব হচ্ছে মুসলিম উম্মাহ এবং তাঁর নেতার মাঝে এক চুক্তি। এবং শরিয়তে ও বাস্তবে চুক্তির মানে হচ্ছে, চুক্তির উদ্দেশ্যে দুটি দল একত্রিত হবে, চুক্তির জন্য কোন নির্ধারিত বিষয় থাকতে হবে (যা বিষয়ের উপর চুক্তি হচ্ছে) এবং দলিল-পত্র থাকতে হবে। আর এগুলোই হচ্ছে চুক্তির মুল স্তম্ভ যা আমাদের উলামাদের কিতাবে উল্লেখ আছে যে বিষয়ে তলিবুল ইলমরা অবগত রয়েছেন। তাই কোন চুক্তি যদি এই শর্তগুলো বা এর উদ্দেশ্য থেকে বঞ্চিত হয় তাহলে এটা চুক্তি বলেই গণ্য হবে না।

ঘ) ইবন তাইমিয়া (রঃ) বক্তব্য সার্বিকভাবে এই সত্যকে তুলে ধরেছে যে, ব্যক্তির নেতৃত্ব আল্লাহ কর্তৃক নির্ধারিত কোন বিষয় ওয়াহিভিত্তিক পদ কিংবা পদমর্যাদা নয়, বরং এটি মানুষ দ্বারা নির্বাচিত। তিনি আরো বিস্তারিতভাবে বলেছেন যে, এমনকি রাসুলুল্লাহ (সাঃ) যদি কাউকে নেতা নির্বাচন করার জন্য নির্দেশ দিয়ে থাকেন এবং পরবর্তীতে জনসাধারণ এ নির্দেশের বিরুদ্ধে গিয়ে অন্য কাউকে বাইয়াত দেয়, তখন জনসাধারণ যাকে বাইয়াহ দিয়েছে সেইনেতা হিসেবে গণ্য হবে। সে নয় যাকে নেতৃত্বের দায়িত্ব দেয়া হয়েছিল কেননা নেতৃত্বের উদ্দেশ্য শুধুমাত্র জনতা কর্তৃক নির্বাচিত ব্যক্তি দ্বারাই হাসিল হতে পারে, অন্য কাউকে দিয়ে নয়। [*শাইখুল ইসলাম সাথে এও বলেছেন, নাবী (সাঃ) এর নির্দেশ না মানার

জন্য এক্ষেত্রে উম্মাহ গুনাহগার হবে, কিন্তু তবুও নেতা সেই তাকবে যাকে জনগণ বাই'য়াহ দিয়েছে।]

